



প্রেস-রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে বঙ্গবন্ধু উদ্যোক্তা মেলার উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৫ মার্চ ২০২৩খ্রিঃ।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে আয়োজন করা হয়েছে ‘বঙ্গবন্ধু উদ্যোক্তা মেলা ২০২৩’। ‘ম্যানেজমেন্ট ডে ২০২৩’ উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের আয়োজনে এবং ম্যানেজমেন্ট স্টাডিজ অ্যাসোসিয়েশনের সহযোগিতায় বিশ্ববিদ্যালয়ের মুক্তমঞ্চে ২দিনব্যাপী এ মেলার আয়োজন করা হয়। ১৫ মার্চ ২০২৩ তারিখ সকাল ১০ টায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মেলার উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। উদ্বোধন শেষে এক প্রতিক্রিয়ায় উপাচার্য মহোদয় বলেন, আজকের তরুণ উদ্যোক্তারাই একদিন বাংলাদেশকে দেশে-বিদেশে প্রতিনিধিত্ব করবে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সবসময় তরুণ ও যুবকদের প্রাধান্য দিতেন। তিনি তরুণ ও যুবকদের নিয়ে স্বপ্ন দেখতেন। কেননা তারাই হচ্ছে আগামীর বাংলাদেশ। আমাদের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাও তরুণ ও যুবকদের বিভিন্ন সৃজনশীল উদ্ভাবনীমূলক কর্মকাণ্ডের পৃষ্ঠপোষকতা করে থাকেন। কেননা তরুণরাই তাদের বিভিন্ন সৃষ্টিশীল কাজের মাধ্যমে আগামীর বাংলাদেশকে এগিয়ে নিয়ে যাবে। এসময় উপাচার্য মহোদয় “বঙ্গবন্ধু উদ্যোক্তা মেলা-২০২৩” এ অংশগ্রহণের জন্য সকলকে ধন্যবাদ জানান। ‘বঙ্গবন্ধু উদ্যোক্তা মেলা ২০২৩’ এর উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের চেয়ারম্যান নুসরাত শারমিনের সভাপতিত্বে অন্যান্যদের মধ্যে আরও উপস্থিত ছিলেন বিজনেস স্টাডিজ অনুষদের ডিন ড. আবদুল্লাহ আল মাসুদ, প্রক্টর ড. খোরশেদ আলম, বঙ্গবন্ধু উদ্যোক্তা মেলা-২০২৩ এর আহ্বায়ক ড. তাজিজুর রহমান, ম্যানেজমেন্ট স্টাডিজ অ্যাসোসিয়েশনের সভাপতি কাজী হাফিজুর রহমানসহ বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা। মেলার ৪১ টি স্টলে বরিশাল বিশ্ববিদ্যালয়সহ বরিশালের বিভিন্ন প্রতিষ্ঠানের তরুণ উদ্যোক্তারা অংশ নেয়। এছাড়াও ‘ম্যানেজমেন্ট ডে ২০২৩’ উপলক্ষে সকাল ৯:৩০ টায় একটি আনন্দ র্যালি বের করা হয়। র্যালিতে ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)

জনসংযোগ অফিস